

যুগান্তর

প্রিন্ট: ১৭ মে ২০২৫, ১০:৪৫ এএম

শিক্ষাঙ্গন

সরকারি কলেজ শিক্ষক সমিতির কার্যকরী কমিটি গঠন



নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ১৬ মে ২০২৫, ০৫:৫৭ পিএম



সরকারি কলেজ শিক্ষক সমিতির (সকশিস) সাবেক সভাপতি মো. ইসাহাককে প্রধান উপদেষ্টা করে নতুন কার্যকরী কমিটি গঠন করা হয়েছে। কমিটির সভাপতি করা হয়েছে জাকারিয়া মাহমুদকে। এছাড়া সাধারণ সম্পাদক পদে কামরুল হাসান পাঠান ও সাংগঠনিক সম্পাদক পদে (সার্বিক) শেখ আলী আক্কাসকে নির্বাচিত করা হয়েছে।

আজ শুক্রবার সকশিসের প্রধান উপদেষ্টা মো. ইসাহাকের সভাপতিত্বে অনুষ্ঠিত সাধারণ সভায় এই কমিটি গঠন করা হয়।

এ সময় মো. ইসাহাক বলেন, আপনারা অবগত আছেন যে, ২০১৬ সালে নির্বাহী আদেশে প্রত্যেক উপজেলায় একটি করে কলেজ সরকারিকরণের ঘোষণা, ২০১৮ সালে জি.ও জারী, ২০২৪ সালে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলেও আত্মীকরণ বিধিমালা ২০১৮ বিধিতে আত্মীকৃত শিক্ষক কর্মচারীগণ নানাভাবে বৈষম্যের স্বীকার হচ্ছেন। যেমন-বেতন গ্রেড ও স্কেল অবনমন, পদোন্নতির নীতিমালা না থাকায়-পদোন্নতি বঞ্চিত, একাধিক কলেজে চাকরি গণনায় অন্তর্ভুক্ত না করা, বদলীর ব্যবস্থা না থাকা, স্থায়ীকরণের দীর্ঘসূত্রিতা ইত্যাদি সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে বহু আবেদন-নিবেদন, দেন-দরবার, আলাপ-আলোচনা করেও কোনো প্রকার সুরাহা করা হয়নি।

এই পরিস্থিতিতে আজ শুক্রবার বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত সরকারি কলেজ শিক্ষক সমিতির সাধারণ সভায় সর্বসম্মতভাবে বেশকিছু দাবি গৃহীত হয়। গৃহীত দাবিসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে এই সভা থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আহ্বান জানানো হয়।

সরকারি কলেজ শিক্ষক সমিতির দাবির মধ্যে আছে- দ্রুততম সময়ের মধ্যে ২০১৮ বিধিতে আত্মীকৃত শিক্ষক-কর্মচারীদের বেতন সংরক্ষণ ও কার্যকরী চাকরিকাল নির্ধারণ ও বাস্তবায়ন করা।

২০১৮ বিধিতে আত্মীকৃত কলেজ সমূহে সরকারি কলেজের অনুরূপ পদসোপানসহ পদোন্নতির নীতিমালা প্রণয়নপূর্বক দ্রুত পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা।

২০১৮ বিধিতে আত্মীকৃত শিক্ষক কর্মচারীগণের চাকুরী আত্মীকৃত কলেজ সমূহে বদলীযোগ্য করা।

২০১৮ বিধিতে আত্মীকৃত শিক্ষক কর্মচারীগণের চাকুরী স্থায়ীকরণ সহজ করে দ্রুত স্থায়ীকরণ সম্পন্ন করা।

২০১৮ বিধিতে আত্মীকৃত শিক্ষক কর্মচারীগণের একাধিক কলেজে চাকুরী গণনার মাধ্যমে চাকরির ধারাবাহিকতা রক্ষা করা।

২০১৮ বিধিতে আত্মীকৃত কলেজ সমূহে ক্যাডার শিক্ষকদের সংযুক্তি নিয়োগ বন্ধ করা।

সংগঠনটির পক্ষ থেকে বলা হয়, দাবিসমূহ আগামী ৩০ জুনের মধ্যে পূরণ করা না হলে সরকারি কলেজ শিক্ষক সমিতি (সকশিস) আত্মীকৃত শিক্ষক-কর্মচারীদের স্বার্থে কঠোর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে।

আজকের সাধারণ সভায় সভাপতিত্ব করেন সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি মোঃ ইসাহাক, সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক কামরুল হাসান পাঠান ও সাংগঠনিক সম্পাদক (সার্বিক) মোহাম্মদ মনিরুল ইসলাম।